

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯৩৬

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৪. দ্বিতীয় অনুচ্ছেদ - অনুগ্রহ ও স্বজনে সদাচার

আরবী

رُعُن

أبي أسيد السَّاعِدِي قَالَ: بَيْنَا نَحْنُ عِنْدَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذْ جَاءَ رَجُلٌ مِنْ بَنِي سَلَمَةَ فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ هَلْ بَقِي من برِّ أبوي شيءٌ أَبَرُّهُمَا بِهِ بَعْدَ مَوْتِهِمَا؟ مِنْ بَنِي سَلَمَةَ فَقَالَ: هَا رَسُولَ اللَّهِ هَلْ بَقِي من برِّ أبوي شيءٌ أَبَرُّهُمَا بِهِ بَعْدَ مَوْتِهِمَا؟ قَالَ: «نَعَمْ الصَّلَاةُ عَلَيْهِمَا وَالِاسْتِغْفَارُ لَهُمَا وَإِنْفَاذُ عَهْدِهِمَا مِنْ بَعْدِهِمَا وَصِلَةُ الرَّحِمِ التَّي لَا تُوصَلُ إِلَّا بِهِمَا وَإِكْرَامُ صَديقِهِمَا» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَابْنُ مَاجَهُ

বাংলা

৪৯৩৬-[২৬] আবূ উসায়দ আস্ সা'ইদী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমরা রস্লুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে বসেছিলাম। বানী সালামাহ গোত্রের এক ব্যক্তি এসে বলল : হে আল্লাহর রস্ল! আমার পিতা-মাতার মৃত্যুর পরও কি তাদের প্রতি সদাচরণ করার মতো কোনকিছু অবশিষ্ট থাকে? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ হ্যাঁ আছে। তা হলো, তাঁদের জন্য দু'আ করা, তাঁদের ওয়া'দা পূরণ করা, তাঁদের আত্মীয়দের সাথে আত্মীয়তার সম্পর্ক রক্ষা করা এবং তাঁদের বন্ধু-বান্ধবদের প্রতি সম্মান প্রদর্শন করা। (আবূ দাউদ ও ইবনু মাজাহ)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাঊদ ৫১৪২, ইবনু মাজাহ ৩৬৬৪, ইবনু হিব্বান ২০৩০।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে 'আবূ আসীদ''-এর মুক্ত দাস 'আলী নামক একজন বর্ণনাকারী আছে, যে ব্যক্তি বিশ্বাসী নয়। এছাড়া বাকী সকল বর্ণনাকারী বিশ্বস্ত। দেখুন- য'ঈফাহ্ ৫৯৭, য'ঈফ আত্ তারগীব ১৪৮২।

ব্যাখ্যা



ব্যাখ্যাঃ পিতা-মাতার মৃত্যুর পরও তাদের প্রতি সদাচরণের কিছু দৃষ্টান্ত তুলে ধরা হয়েছে। পিতা-মাতার মৃত্যুর পর করণীয় হলো তাদের জানাযার সালাত আদায় করা, তাদের জন্য ক্ষমা প্রার্থনা করা, তাদের মৃত্যুর পর তাদের অঙ্গীকার বাস্তবায়ন করা, তাদের মাধ্যমে সৃষ্ট আত্মীয় সম্পর্ক বজায় রাখা এবং তাদের প্রিয় মানুষদের শ্রদ্ধা করা। 'সালাত' দ্বারা উদ্দেশ্য জানাযার সালাত অথবা দু'আ করা।

'আল্লামা মুল্লা 'আলী কারী হানাফী (রহিমাহুল্লাহ) বলেন, 'সালাত' দ্বারা উদ্দেশ্য হলো তাদের জন্য আল্লাহর রহমাতের দু'আ করা। ইসতিগফার দ্বারা উদ্দেশ্য হলো তাদের জন্য ক্ষমা প্রার্থনা করা। তাদের অঙ্গীকার পূর্ণ করা অর্থ হলো তাদের ওয়াসিয়্যাত বাস্তবায়ন করা। তাদের কারণে সৃষ্ট আত্মীয়ের বন্ধন অটুট রাখার অর্থ হলো নিকটাত্মীয়ের প্রতি ইহসান করা।

'মিরকাতুস্ সউদ' গ্রন্থে ইমাম বায়হাকী (রহিমাহুল্লাহ)-এর এক বর্ণনার শব্দগুলো নিম্নরূপ:

وَصِلَةُ رَحِمِهِمَا الَّتِي لَا رَحِمَ لَكَ إِلَّا مِنْ قِبَلِهِمَا

অর্থাৎ তুমি তাদের সাথে বন্ধন অটুট রাখ যাদের সাথে তোমার পিতা-মাতার বন্ধন রয়েছে। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর কথা শুনে লোকটি বললেন, হে নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম! আপনি অনেক ভালো 'আমলের কথা বললেন। নবীজী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাহলে এখন থেকে এগুলো 'আমল কর তাহলে এর মাধ্যমে মৃত্যুর পরও তোমার পিতামাতার সেবা করতে পারবে। ('আওনুল মা'বূদ ৮ম খন্ড, হাঃ ২৫১৩৩)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ উসাইদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন